পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
(অফিস) ৮৬১৩২৮০
৯৬৬১৯০০-৫৯/৪০৭৯
ফ্যাক্স: ৮৮-০২-৯৬৬৭২২২

OFFICE OF THE CONTROLLER OF EXAMINATIONS
UNIVERSITY OF DHAKA
DHAKA-1000, BANGLADESH
Phone : (off.) 8613280
9661900-59/4079
Fax : 88-02-9667222
E-mail : examcontrollera7c@du.ac.bd

মেমো নং:- ১৫৩৪/শা-২ (ক)/প.

তারিখ: ১৬ ভাদ্র ১৪৩০
৩১ আগস্ট ২০২৩

১। অধ্যক্ষ, ঢাকা কলেজ, ধানমন্ডি, ঢাকা।
২। অধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, আজিমপুর, ঢাকা।
৩। অধ্যক্ষ, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, বকশীবাজার, ঢাকা।
৪। অধ্যক্ষ, কবি নজরুল সরকারি কলেজ, মিউনিসিপ্যাল স্ট্রীট, ঢাকা।
৫। অধ্যক্ষ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ, লক্ষ্মীবাজার, ঢাকা।
৬। অধ্যক্ষ, সরকারি বাঙলা কলেজ, মিরপুর, ঢাকা।
৭। অধ্যক্ষ, সরকারি তিতুমীর কলেজ, মহাখালী, ঢাকা।

## ২০২১ সনের অনার্স ১ম বর্ষ (পুরাতন সিলেবাস) পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি।

মহোদয়,

পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত সরকারি সাত (০৭) কলেজের **২০১৪-১৫, ২০১৫-১৬, ২০১৬-১৭ শিক্ষাবর্ষের গ্রেড উন্নয়ন এবং ২০০৯-১০, ২০১০-১১, ২০১১-১২, ২০১২-১৩, ২০১৩-১৪ শিক্ষাবর্ষের বিশেষ গ্রেড উন্নয়ন (যদি আলোচ্য পরীক্ষায় উল্লিখিত শিক্ষাবর্ষের কোন শিক্ষার্থীর F গ্রেড অথবা Absent থাকে)** পরীক্ষার পরীক্ষার্থীদের অনলাইনে আবেদন ফরম পূরণ ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষের আনুষঙ্গিক কার্যক্রম ও শর্তাবলী নিম্নে প্রদত্ত হলো। পরীক্ষার বিস্তারিত সময়সূচি পরবর্তীতে সংশ্লিষ্ট সকলকে জানানো হবে।

| ক্র. নং | পরীক্ষার ফি এর বিবরণ | টাকা | পরীক্ষার্থী কর্তৃক অনলাইনে আবেদন ফরমপূরণের শুরু ও শেষ তারিখ |
|---|---|---|---|
| ০১ | তত্ত্বীয় প্রতি পূর্ণ পত্রের জন্য বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ২০০/- | অনলাইনে আবেদনের শুরু তারিখ: **০৩/০৯/২০২৩**<br>শেষ তারিখ: **১৬/০৯/২০২৩** |
| ০২ | তত্ত্বীয় প্রতি অর্ধ পত্রের জন্য বিশ্ববিদ্যালয়ের জমা হবে | ১৪০/- | |
| ০৩ | ইনকোর্স পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থী) অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য প্রযোজ্য।<br>ক. বিশ্ববিদ্যালয়ের ফান্ডে জমা হবে ১০০/- টাকা<br>খ. কলেজ ফান্ডে জমা হবে ২০০/- টাকা | ৩০০/- | |
| ০৪ | ব্যবহারিক (প্রতি পত্র/কোর্স) -এর জন্য বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ২০০/- | |
| ০৫ | কেন্দ্র ফি তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী)<br>ক. কলেজের অংশ ৩০০/- টাকা<br>খ. কেন্দ্রের অংশ ৪৫০/- টাকা | ৭৫০/- | |
| ০৬ | কেন্দ্র ফি ব্যবহারিক (প্রতি পরীক্ষার্থী) কলেজে জমা হবে। | ১২০/- | |
| ০৭ | বিশেষ অন্তর্ভুক্তি ফি (গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীর জন্য পত্র প্রতি ফি এর অতিরিক্ত) প্রতি পরীক্ষার্থী বিশ্ববিদ্যালয়ে জমা হবে। | ৩০০/- | |

**বি:দ্র: নির্ধারিত তারিখের পর কোন অবস্থাতে আর কোন ফরম পূরণের সুযোগ থাকবে না এবং কোন বিলম্ব ফরমপূরণের আবেদন গ্রহণ করা হবে না। বিষয়টি গুরুত্বসহ সকলকে অবহিত করতে হবে।**

১. পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী:

গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য

- ২০১৪-১৫, ২০১৫-১৬, ২০১৬-১৭ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থীদের অনার্স ১ম বর্ষে এক বা একাধিক কোর্সে F গ্রেড ও Absent রয়েছে তারা **২০২১ সনের অনার্স ১ম বর্ষ (পুরাতন সিলেবাস) পরীক্ষায় শুধুমাত্র F গ্রেড প্রাপ্ত** ও Absent **কোর্স/ কোর্সসমূহে গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।**

বিশেষ গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য

(২০০৯-১০, ২০১০-১১, ২০১১-১২, ২০১২-২০১৩, ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের ক্ষেত্রে প্রযোজ্য)

- ২০০৯-১০, ২০১০-১১, ২০১১-১২, ২০১২-২০১৩ সনের যে সব শিক্ষার্থী ১ম বর্ষে এক বা একাধিক কোর্সে **F গ্রেড** ও **Absent** আছে সে সকল পরীক্ষার্থী আলোচ্য পরীক্ষায় শুধুমাত্র **F গ্রেড** ও **Absent** কোর্সে অংশগ্রহণ করতে পারবে। তবে উল্লেখ থাকে যে, এ সব পরীক্ষার্থীরা ৫,০০০/- টাকা জরিমানা সাপেক্ষে **২০২১ সনের অনার্স ১ম বর্ষ (পুরাতন সিলেবাস) পরীক্ষায়** বিশেষ গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

## ## কেবলমাত্র ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন নাম্বার প্রাপ্ত শিক্ষার্থীরাই উক্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে ##

২. অনলাইনে আবেদন ফরমপূরণ (শিক্ষার্থীদের জন্য):

ক) আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (7college.du.ac.bd) **Form Fill-up বাটনে** ক্লিক করে/ http://dua7c.com/ সাইন আপ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী (৭ কলেজের ওয়েবসাইটে প্রদত্ত ফরমপূরণের নির্দেশনাবলী অনুযায়ী) নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে পারবে। পূরণকৃত ফরমে পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয় সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাবলী উল্লেখ থাকবে। **অনলাইনে ফরমপূরণে কোন শিক্ষার্থী তার প্রদত্ত তথ্যে ভুল করলে তা শিক্ষার্থী নিজেই সর্বোচ্চ ০৩ (তিন) বার সংশোধন করতে পারবে।**

খ) প্রিন্টকৃত ফরমে (এন্ট্রি ফরম) শিক্ষার্থী স্বাক্ষর করে কলেজ **অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ** স্বাক্ষর করার পর ফটোকপি করে এক কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে এবং আরেক কপি কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে/ সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে।

গ) যদি বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থীর ডাটা (অনলাইনে ফরমপূরণের জন্য) সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে **১৪/০৯/২০২৩** তারিখের মধ্যে শিক্ষার্থীর পূর্বের তথ্যসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের ৩২২ নং কক্ষে জানাতে পারবে।

৩. কলেজের জন্য করণীয়:

অনলাইনে আবেদন ফরম পূরণ ভেরিফাই ও আনুষঙ্গিক কার্যাদি (কলেজের জন্য):

ক) কলেজ কর্তৃক অনলাইনে ভেরিফিকেশন ও ব্যাংক ড্রাফটের শেষ তারিখ: **১৮/০৯/২০২৩**

খ) ফরম পূরণকৃত পরীক্ষার্থীদের ডাটা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের (7 Collegedu.ac.bd) **Formfilup** লিংক এ গিয়ে কলেজ লগ ইন করে "আন ভেরিফাইড" লিস্ট এ পাওয়া যাবে। শিক্ষার্থীকর্তৃক পূরণকৃত ফরম দেখে ডাটা এন্ট্রি সঠিক হলে এবং শিক্ষার্থীর ফরম পূরণের ফি জমা সম্পন্ন হয়ে থাকলে এবং শিক্ষার্থী **১ম বর্ষ (পুরাতন সিলেবাস) পরীক্ষার ফরমপূরণের শর্তাবলী পূরণ** করলে তা নিশ্চিত হয়ে কলেজ কর্তৃপক্ষ ভেরিফাই করতে হবে। এভাবে সকল পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি ভেরিফাই হওয়ার পর পরীক্ষার্থীর বিবরণী প্রিন্ট করে অধ্যক্ষ স্বাক্ষর করবেন।

গ) পূরণকৃত আবেদন পত্রে রেজিস্ট্রেশন বিবরণী অনুযায়ী শিক্ষার্থীর নাম, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড সঠিক আছে কি-না তা যাচাই পূর্বক অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ স্বাক্ষর করবেন। ভুল তথ্য প্রদানের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না।

৪. ইনকোর্স পরীক্ষার নম্বর প্রেরণ:

২০২১ সনের অনার্স ১ম বর্ষ (পুরাতন সিলেবাস) পরীক্ষার পরীক্ষার্থীদের পূরণকৃত ফরম কলেজ কর্তৃক ভেরিফাই করার সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশনের বিপরীতে ইনকোর্স পরীক্ষার প্রাপ্ত নম্বর এন্ট্রি করতে হবে। ইনকোর্স পরীক্ষার নম্বরপত্রের ০১ (এক) কপি নম্বরপত্র সংশ্লিষ্ট শাখার উপ-পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট এবং ০১ (এক) কপি ইনকোর্স পরীক্ষার খাতাসহ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের অফিসে সংরক্ষণ করতে হবে সংশ্লিষ্ট পরীক্ষার ফলাফল প্রকাশ হওয়া পর্যন্ত (প্রয়োজন সাপেক্ষে পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসে প্রেরণ করতে হবে) ।

ফি জমাদানের পদ্ধতি:

২০২১ সালের ১ম বর্ষ অনার্স (পুরাতন সিলেবাস) পরীক্ষার সকল পরীক্ষার্থীদের ফিসের টাকা কলেজ কর্তৃপক্ষকে **"Seven College Student fees" শিরোনামে হিসাব নং: ৪৪০৫৭০৩০০০০৯৪- এ সোনালী ব্যাংকের যে কোন শাখায়** ব্যাংক ড্রাফট/পে -অর্ডার করে **জমা দিতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসাবে দেয় (A/C Payee) হতে হবে।** এছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মানুসারে প্রতিটি ফরমের মূল্য ১০০/- (একশত টাকা) যা কলেজ কর্তৃপক্ষ "CONTROLLER OF EXAMINATIONS" শিরোনামে হিসাব নং:-33011288 (সোনালী ব্যাংক, ঢাকা বিশ্ববিদ্যালয় কর্পোরেট শাখা) এই নামে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক ড্রাফট/পে-অর্ডারকরে জমা দিতে হবে, ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসাবে দেয় (A/C Payee) হতে হবে। কলেজ কর্তৃপক্ষ তাদের খরচ হিসেবে ৫০/- (পঞ্চাশ টাকা) করে (শিক্ষার্থী প্রতি) আদায় করবে।

(মোঃ বাহালুল হক চৌধুরী)
পরীক্ষা নিয়ন্ত্রক
ঢাকা বিশ্ববিদ্যালয়
Email: examcontrollera7c@du.ac.bd

31.08.2023 31.08.2023